গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
প্রশিক্ষণ শাখা-২
www.lawjusticediv.gov.bd



নম্বরঃ ১০.০০.০০০০.১৫১.২৯.০০৪.২৫.১৪৩

তারিখঃ ২৫ কার্তিক ১৪৩৩ / ১০ নভেম্বর ২০২৬

বিষয়ঃ বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের অভিভাষণ প্রদান অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য চট্টগ্রাম বিভাগে কর্মরত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সকল সদস্যের মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং-১০৩০৯ জে, তারিখ-১০/১১/২০২৬, হাইকোর্ট বিভাগ (বিচার শাখা), বাংলাদেশ সুপ্রীম কোর্ট।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি জনাব জুবায়ের রহমান চৌধুরী আগামী ২১ নভেম্বর ২০২৬ খ্রি. শনিবার সকাল ১০.০০ ঘটিকায় চট্টগ্রাম বিভাগের আওতাধীন বিভিন্ন আদালত/ ট্রাইব্যুনালে কর্মরত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সকল পর্যায়ের সদস্যদের উদ্দেশ্যে Radisson Blue Hotel, Chattogram-এ অভিভাষণ প্রদান করার সদয় অভিপ্রায় ব্যক্ত করেছেন।

২। এটি একটি সরকারি অনুষ্ঠান। উক্ত অনুষ্ঠানে আগত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সকল সদস্যগণ বিধি মোতাবেক টিএ/ডিএ প্রাপ্ত হবেন। অনুষ্ঠানে অংশগ্রহণকারী প্রাধিকারভুক্ত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সদস্যগণ সরকারি গাড়ি ব্যবহার করতে পারবেন। সরকারি গাড়ি ব্যবহারকারী সদস্যগণ টিএ প্রাপ্ত হবেন না।

৩। এমতাবস্থায়, চট্টগ্রাম বিভাগের আওতাধীন বিভিন্ন আদালত/ ট্রাইব্যুনালে কর্মরত বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের সকল সদস্যকে (চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক মনোনীত একজন করে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটকে দায়িত্বে রেখে) আগামী ২১ নভেম্বর ২০২৬ খ্রি. শনিবার সকাল ১০.০০ ঘটিকায় Radisson Blue Hotel, Chattogram-এ মাননীয় প্রধান বিচারপতির অভিভাষণ অনুষ্ঠানে উপস্থিত থাকার নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বা.
(ইসমেত জিহান)
উপসচিব (প্রশিক্ষণ)
ফোনঃ ০২৯৫৪০৭৫৩

নম্বরঃ ১০.০০.০০০০.১৫১.২৯.০০৪.২৫-১৪৩/১(৮)

তারিখঃ ২৫ কার্তিক ১৪৩৩ / ১০ নভেম্বর ২০২৬

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ/ মহানগর দায়রা জজ (চট্টগ্রাম/ কুমিল্লা/ কক্সবাজার/ নোয়াখালী/ ব্রাহ্মণবাড়িয়া/ চাঁদপুর/ লক্ষ্মীপুর/ ফেনী/ খাগড়াছড়ি/ রাঙ্গামাটি/ বান্দরবান) [নিজ জেলায়/ মহানগরে অবস্থিত সকল আদালত/ ট্রাইব্যুনালের বিচারকগনের অবগতি/ উপস্থিতির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন]।
৩। জনাব/ বেগম.....।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। গার্ড ফাইল।
৮। অফিস কপি।

২০/১১/২০২৬

মোঃ আতিকুল হায়দার
সিনিয়র সহকারী সচিব(প্রশিক্ষণ-২)